আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
***Website: www.bb.org.bd***

০৭ আষাঢ় ১৪৩০

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১২ তারিখঃ ——————

২১ জুন ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**আর্থিক প্রতিষ্ঠানসমূহের চুক্তিভিত্তিক কর্মকর্তা/কর্মচারীগণের জন্য**
**প্রভিডেন্ট ফান্ড এবং গ্র্যাচুইটি প্রদানে অনুসরণীয় নীতিমালা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০১, তারিখঃ ২৮ মার্চ ২০১৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের মাধ্যমে ৬৫ (পঁয়ষট্টি) বছর অতিক্রান্ত কোন ব্যক্তি আর্থিক প্রতিষ্ঠানে চুক্তিভিত্তিক পদে নিয়োজিত বা বহাল থাকতে পারবেন না মর্মে নির্দেশনা প্রদান করা হয়। এতদ্ব্যতীত, নিয়মিত কর্মকর্তা/কর্মচারীগণের অবসর গ্রহণের বয়স নির্ধারণের ক্ষেত্রে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিয়মিত কর্মকর্তা/কর্মচারীগণের জন্য প্রযোজ্য অবসর গ্রহণের বয়সসীমার বিধি-বিধানের সাথে সামঞ্জস্য রেখে প্রত্যেক আর্থিক প্রতিষ্ঠান তাদের কর্মকর্তা/কর্মচারীগণের অবসর গ্রহণের বয়স সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

৩। এক্ষণে, আর্থিক প্রতিষ্ঠানে শৃঙ্খলা ও সুশাসন নিশ্চিতকরণার্থে চুক্তিভিত্তিক কর্মকর্তা/কর্মচারী নিযুক্তির ক্ষেত্রে প্রভিডেন্ট ফান্ড এবং গ্র্যাচুইটি বাবদ প্রাপ্যতা নির্ধারণে নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো:

(ক) আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের নিয়মিত চাকুরিকাল সমাপ্ত হওয়ার পর চূড়ান্ত অবসরের সময় বিদ্যমান নীতিমালা অনুসরণপূর্বক প্রভিডেন্ট ফান্ড এবং গ্র্যাচুইটি বাবদ প্রাপ্য অর্থ সম্পূর্ণ পরিশোধ করতে হবে; এবং

(খ) আর্থিক প্রতিষ্ঠানে যে কোন পদে চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ কোনরূপ প্রভিডেন্ট ফান্ড/গ্র্যাচুইটি সুবিধা প্রাপ্য হবেন না।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

Amiruddin

**(মোঃ আমির উদ্দিন)**
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮।